আজকের কাগজ 75

তারিখ 11 JAN 1995
পৃষ্ঠা ৪ কলাম ৫

# ব্যবহারিক পরীক্ষায় শস্য ও মৎস্য চাষ

বরগুনা জেলা স্কুলের ১৯৯৪ সালের কৃষি বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীরা তাদের ব্যবহারিক পরীক্ষার আওতায় বিদ্যালয়ের দু'টি পুকুরে বিভিন্ন জাতের মাছ চাষ এবং প্রায় দেড় একর জমিতে বিভিন্ন ধরনের শীতকালীন শস্যের চাষাবাদ করেছে। কৃষি বিজ্ঞান বিভাগের আওতায় জেলার অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ব্যবহারিক পরীক্ষায় এধরনের কর্মসূচি লক্ষ্য করা যায়নি। এই বিভাগের সংশ্লিষ্ট শিক্ষক নিত্য গোপাল সমদ্দার জানান, ব্যবহারিক পরীক্ষা ছাত্রদের বেশ উৎসাহ রয়েছে। এ ধরনের পরীক্ষার মধ্য দিয়ে ছাত্ররা ভবিষ্যতে বাড়িতে শস্য ও মৎস্য চাষে উৎসাহিত হবে বলে তিনি মন্তব্য করেন। ব্যবহারিক এই বিষয় পরীক্ষায় উত্তীর্ণ না হলে কোন ছাত্রকে পাস নম্বর দেয়া হবে না বলে জানা গেছে। ঐ জেলায় অন্য কোন মাধ্যমিক বিদ্যালয়ে এই বিষয়ের ব্যবহারিক পরীক্ষা নেয়া হচ্ছেনা। বরগুনা থেকে হাসান ঝন্টু।